

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি'র ২৩.১২.২০১৮ তারিখে অনুষ্ঠিত অক্টোবর-ডিসেম্বর, ২০১৮ ত্রৈমাসিক সভার (২০১৮-১৯ অর্থ বছরের ২য় সভা) কার্যবিবরণী।


সভাপতি : জনাব মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক
তারিখ : ২৩ ডিসেম্বর, ২০১৮ রোজ রবিবার
স্থান : কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা
উপস্থিতি : সংলগ্নী-‘ক’

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির অক্টোবর-ডিসেম্বর, ২০১৮ ত্রৈমাসিকের সভা (২০১৮-১৯ অর্থ বছরের ২য় সভা) ২৩ ডিসেম্বর, ২০১৮ তারিখে প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এ ব্যাংকের সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর এবং নৈতিকতা কমিটির আহ্বায়ক জনাব মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ।

২.০০: সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। আলোচ্যসূচি মোতাবেক শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০১৮-১৯) বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ সভায় আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১) সোনালী ব্যাংক স্টাফ কলেজ ও ট্রেনিং ইনস্টিটিউটসমূহে অক্টোবর-ডিসেম্বর, ২০১৮ ত্রৈমাসিকে (১২৬+২৬৪)=৩৯০ জন কর্মকর্তাকে শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। এসময়ে অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ কোর্স/কর্মশালায় জাতীয় শুদ্ধাচার কৌশল-এর ওপরে ০১(এক) ঘন্টাব্যাপী সেশন পরিচালিত হয়েছে। বাংলাদেশ ব্যাংক ও অর্থ মন্ত্রণালয়ে শুদ্ধাচার বিষয়ে প্রেরিতব্য ত্রৈমাসিক প্রতিবেদনে এইসকল বিষয়াদি যথাযথভাবে উপস্থাপন করার উপর সভায় জোর দেওয়া হয়।
- ২) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত “ছড়ায় ছড়ায় শুদ্ধাচার” শীর্ষক ছড়ার বই হতে ছড়া বাছাই করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। অক্টোবর-ডিসেম্বর, ২০১৮ ত্রৈমাসিকের জন্য ১৫ ডিসেম্বর, ২০১৮ তারিখে দৈনিক সমকাল পত্রিকায় উপরিউক্ত বই হতে ৬১নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।
- ৩) ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৮ আগস্ট, ২০১৮ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ৮ এর আলোকে এ ব্যাংকের নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য পরিচালনা পর্যদের ১২ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৬০৭তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এতে, শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালার ৩.১.১ হতে ৩.১.৫ পর্যন্ত ক্রমিক অনুযায়ী এ ব্যাংকে ৫টি ক্যাটাগরিতে পুরস্কার প্রদানের জন্য ২টি বাছাই কমিটি গঠিত হয়েছে। কমিটি ৫টি ক্যাটাগরির ৫ জনকে সোনালী ব্যাংক লিমিটেড শুদ্ধাচার পুরস্কার-২০১৮ প্রদানের জন্য সুপারিশ করবে।

পরিশেষে সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর
ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি